



## অভিভাষণ

কামাখ্যা বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক শ্রদ্ধেয় শ্রীঅনিল কুমার সোম মহাশয়ের প্রতি সম্পাদকের বিনয়নম্র অভিভাষণ :

হে জ্ঞান তাপস, কর্মীপ্রবর ; লহ প্রণাম। বিশাল নিলাচলের পাদমূলে এই শিক্ষানুষ্ঠানের প্রসারিত অঙ্গনে সমবেত আমরা আপনার সান্নিধ্যে ধন্য। আমাদের ভবিষ্যত জীবন গড়ে তোলার অক্ষয় মহানব্রতে আপনার নিরলস সঙ্গ পেয়ে ছাত্র-ছাত্রীরা গর্বিত ও কৃতার্থ।

শুভকামনার শতশত দীপাধারে জানাই আপনাকে আরতি। নিষ্ঠা, সংযম ও শরবৎ সূচীমুখী তন্ময়তাকে পাথেয় করে এই শুচিশুদ্ধ তপোবনে আপনি নিজেকে বিলিয়ে দিয়েছেন। আপনার কর্মযজ্ঞের নিরবচ্ছিন্ন প্রবাহমানতায় বিশ্বেশ্বরের আলোর ভাঙারে আপনার অবগাহিত রূপ কামনা করি। সেদিনের শব্দহীন আনন্তে আপনার এষণার চরম পরিপূর্ণতা ঘটুক এই প্রার্থনা।

নিরন্ধ অন্ধকার গুহাতলে যে মানিক সঞ্চিত হয়ে থাকে তার মূল্য যেমন অজানিতের কাছেও হ্রাস পায় না তেমনি পূর্বদেশের এই প্রতন্তে আপনার একনিষ্ঠ মানুষগড়ায় অকুণ্ঠ উদ্যমের সৌরভ রাজধানী দিল্লীর শিক্ষা মন্ত্রককেও সচকিত করেছে। এবং ভারতবর্ষের তৎকালীন রাষ্ট্রপতি শিক্ষা দিবসের পুণ্যলগ্নে আপনাকে তাঁদের স্বীকৃতি সূচক মহান শিক্ষকের পুরস্কারটি তুলে দিয়ে করেছে আমাদের ধন্য এবং গর্বিত।

আপনার নীরোগ দীর্ঘ জীবনের শুভতীর্থপথে আমাদের প্রেম আর শুভকামনার স্বপ্নতম অর্ঘ্য দানে আপনাকে অর্চনা করি। আপনার আত্মপ্রসারণে আমরা জেগে উঠব, আপনার প্রাণের বিদ্যুৎ স্ফুরণে আমরা চিনে নেব আমাদের পথরেখা। আজ এই মুহূর্তে এ আশা অন্তরে পোষণ করে চলেছি ... সত্য হোক আমাদের এই স্বপ্ন। আমাদের ভবিষ্যত কর্মব্রতে আপনার আর্শীবাদ হোক একমাত্র পাথেয়।

প্রণত :

সম্পাদক